



নর্থ সাউথ ইউনিভার্সিটির স্কুল অব বিজনেস এবং ইকোনমিক্স শিক্ষার্থীদের জন্য গত ৩ অক্টোবর 'বিবিএ কারিকুলাম লাইভ ইন্টারফেস' উন্মোচন অনুষ্ঠানে উপস্থিত উপাচার্য অধ্যাপক আবদুল হান্নান চৌধুরী, বিভিন্ন স্কুলের ডিন, চেয়ারম্যান, পরিচালক এবং অন্য কর্মকর্তারা -বিজ্ঞপ্তি



নর্থ সাউথ ইউনিভার্সিটি 'বিবিএ কারিকুলাম লাইভ ইন্টারফেস'

চালু

নর্থ সাউথ ইউনিভার্সিটির (এনএসইউ) স্কুল অব বিজনেস এবং ইকোনমিক্স শিক্ষার্থীদের জন্য 'বিবিএ কারিকুলাম লাইভ ইন্টারফেস' উন্মোচন করেছে। গত ৩ অক্টোবর এনএসইউ বিবিএ প্রোগ্রাম অফিসের আয়োজনে এক অনুষ্ঠানে এই কারিকুলাম উন্মোচন করা হয়।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক আবদুল হান্নান চৌধুরী, বিভিন্ন স্কুলের ডিন, চেয়ারম্যান, পরিচালক এবং অন্য কর্মকর্তারা। বিবিএ প্রোগ্রামের পরিচালক ড. মেহে জেড রহমান এই উদ্ভাবনী প্ল্যাটফর্মের তাৎপর্য তুলে ধরে বলেন, এটি শিক্ষার্থীদের জন্য একটি অনন্য মাধ্যম। এর লক্ষ্য হচ্ছে বিবিএ ডিগ্রির বিভিন্ন বিষয় আরো স্পষ্ট করা, নির্দেশিকা প্রদান করা এবং সামগ্রিকভাবে শিক্ষার্থীদের একাডেমিক অভিজ্ঞতা বাড়াবো। অধ্যাপক আবদুল হান্নান চৌধুরী বলেন, শিক্ষার্থীদের বিদ্রান্তি নির্মূলে এটি সহায়ক হবে। তারা এখন তাদের ডিগ্রির অগ্রগতি সহজেই বিশ্লেষণ করতে পারবে এবং প্রয়োজনীয় কোর্স সম্পর্কে বিভিন্ন তথ্য খুব সহজেই জানতে পারবে। বিজ্ঞপ্তি